



স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০৫৯.২১.১৪৫

তারিখ: ২০ মাঘ ১৪২৮

০৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় সিলেট বিভাগে অতিরিক্ত ০৯টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত তালিকা প্রেরণ ও সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষর প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সারাদেশে আইসিটি শিক্ষার গুণগত মানোন্নয়নের উদ্দেশ্যে শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামো স্থাপন, আইসিটির নিত্য নতুন প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে মানবসম্পদ উন্নয়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠান (মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, মাদ্রাসা, কলেজ বা সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান) শিক্ষা সংশ্লিষ্ট সরকারি প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৫০০০ (পাঁচ হাজার)টি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” ও স্থাপিত ল্যাব থেকে প্রতিটি সংসদীয় আসনে ০১টি করে মোট ৩০০ (তিনশত)টি শিক্ষা প্রতিষ্ঠানে “শেখ রাসেল স্কুল অব ফিউচার” স্থাপন কাজ চলমান রয়েছে। গত ০৩/০৯/২০২০খ্রি. তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক আধা-সরকারী পত্রের প্রেক্ষিতে মাননীয় সংসদ সদস্য ও অন্যান্য রেফারেন্স হতে প্রাপ্ত তালিকা প্রকল্প দপ্তর থেকে প্রস্তুতকৃত srdl.gov.bd সফটওয়্যারের মাধ্যমে অনলাইনে জেলা/উপজেলা আইসিটি বিষয়ক কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে অনলাইনে প্রতিবেদন দেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হয়। তার প্রেক্ষিতে সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলা থেকে srdl.gov.bd সফটওয়্যারের মাধ্যমে সুপারিশ প্রাপ্ত তালিকা ডিপিপি’র শর্তানুযায়ী অধিকতর যাচাই বাছাই পূর্বক “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা নিম্নবর্ণিত শর্তে অনুমোদন করা হয়েছে।

শর্তাবলী সমূহ:

- উল্লিখিত নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের কোনোটিতে নির্দেশিকা/চেকলিষ্ট অনুযায়ী কোন শর্ত/শর্তসমূহের ঘাটতি পাওয়া গেলে পরবর্তী যে কোন পর্যায়ে উক্ত প্রতিষ্ঠানকে ল্যাব স্থাপনের কার্যক্রম হতে বাদ দেয়ার এখতিয়ার প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।
- উল্লিখিত নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ল্যাব রেনোভেশন ও ইন্টেরিয়র ডিজাইনের শর্তাদি অনুসরণ করে ল্যাব স্থাপন করতে হবে।
- ল্যাব স্থাপনের জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠান প্রধানকে প্রকল্প কর্তৃপক্ষের সাথে সম্পাদিত চুক্তির সকল শর্তাদি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০২। শেখ রাসেল ডিজিটাল ল্যাবের অনুমোদিত চূড়ান্ত তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো। সংযুক্ত তালিকা অনুযায়ী নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ প্রকল্প দপ্তরের সহিত নমুনা চুক্তিনামা অনুযায়ী (কপি সংযুক্ত) ৩০০(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প একটি সহযোগিতা চুক্তিনামা স্বাক্ষর সম্পন্ন করবেন। নমুনা চুক্তিনামা অনুযায়ী আগামী ১৩/০২/২০২২খ্রি. তারিখের মধ্যে চুক্তিনামা সম্পাদন করে তা প্রকল্প দপ্তরে প্রেরণের প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৩। ইতোমধ্যে “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপনে আপনার উদ্যোগ ও সহযোগিতা প্রশংসার দাবী রাখে। ল্যাব স্থাপনের সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

সংযুক্তি:

- (634/potrojariAttachmentRef/320/0/16623) সিলেট বিভাগে অতিরিক্ত ০৯টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের চূড়ান্ত তালিকা। (639/potrojariAttachmentRef/320/0/16623)
- (599/potrojariAttachmentRef/320/0/16623) (538/potrojariAttachmentRef/315/0/16623)

(520/potrojariAttachmentRef/315/0/16623) (212/potrojariAttachmentRef/315/0/16623);

২। চুক্তিনামার নমুনা কপি। (213/potrojariAttachmentRef/315/0/16623);

৩। “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” স্থাপন ও পরিচালনার নির্দেশিকা। (216/potrojariAttachmentRef/315/0/16623)

R. Mahdi

8-2-2022

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ :

১) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের
কার্যালয়, সিলেট

২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০৫৯.২১.১৪৫/১(১৭)

তারিখ: ২০ মাঘ ১৪২৮
০৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য চূড়ান্ত
নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।

৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য চূড়ান্ত
নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকাসহ)।

৪) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ

৫) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট

৬) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ

৭) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

৮) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট

৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হবিগঞ্জ

১০) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সুনামগঞ্জ

১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মৌলভীবাজার

১২) ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (তালিকা ও চুক্তিনামার নমুনা কপি
ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)

১৩) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বিশ্বনাথ, দক্ষিণ সুরমা, বিয়ানীবাজার ও সিলেট সদর
উপজেলা, সিলেট জেলা।

১৪) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, কুলাউড়া ও মৌলভীবাজার সদর উপজেলা,
মৌলভীবাজার জেলা।

১৫) সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, জামালগঞ্জ ও শায়েস্তাগঞ্জ উপজেলা, সুনামগঞ্জ জেলা।

১৬) সহকারী প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

১৭) নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপারিনটেনডেন্ট (সকল)।

R.Mahadi

8-2-2022

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)